

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৩৯২

বিশালগড়, ১৭ অক্টোবর, ২০২৩

সিপাহীজলা জেলায় বাজরা চাষে সহায়তা

সিপাহীজলা জেলায় চলতি অর্থবছরে ৪৫৭ জন কৃষককে বাজরা চাষে সহায়তা দেওয়া হয়েছে। এতে জেলার ৬৩ হেক্টর জমি বাজরা চাষের আওতায় এসেছে। জেলার বিশালগড়, চড়িলাম, জম্পুইজলা, মোহনভোগ, বক্সনগর ও কাঁঠালিয়া ব্লকের সুবিধাভোগী কৃষকগণ এই কর্মসূচিতে উপকৃত হয়েছেন। এজন্য ব্যয় হয়েছে ৩ লক্ষ ৭৮ হাজার টাকা।
